

পঞ্চম অধ্যায়
প্রোগ্রামিং ভাষা
মডেল-০৯

১.

```
# include <stdio. h>
# include < conio. h>
main ( )
{
int i ;
for (i = 0 ; i < 5 ; i ++ )
( "Computer Science \ n");
getch ( ) ;
}
```

ক. সাংকেতিক ভাষা কী ?

খ. মনিটরে ফলাফল দেখার ফাংশনটি বর্ণনা কর।

গ. উদ্দীপকের প্রোগ্রামে কি ধরনের লুপ ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে কি ধরনের লুপ ব্যবহার করলে শর্ত মিথ্যা হলেও Computer Science লেখাটি একবার ছাপাবে সেই লুপ দিয়ে প্রোগ্রামটি লিখ।

২. তন্ময় পরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে পাঠ্য বই থেকে 'সি' ভাষা সম্বন্ধে তার বন্ধুর সাথে আলোচনা করছে। সে তার বন্ধুর উদ্দেশ্যে বলল যে, কম্পিউটারে 'সি' হচ্ছে একটি প্রোগ্রামিং ভাষা।

ক. প্রবক কী ?

খ. কম্পাইলার ও ইন্টারপ্রেটার এর মধ্যে তিনটি পার্থক্য লিখ।

গ. উদ্দীপকে উল্লেখিত ভাষা ব্যবহার করে বৃত্তের ক্ষেত্রফল নির্ণয়ের কোড লিখ।

ঘ. উদ্দীপকে উল্লেখিত ভাষার সাথে নিম্নস্তরের ভাষার মধ্যে তুমি কিভাবে তুলনা করবে-তা বিশ্লেষণ কর।